

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৩.০০৬.২০.১৪৩

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭

০২ সেপ্টেম্বর ২০২০

বিষয়: প্রজ্ঞাপন

যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে মনসুর এন্টারপ্রাইজ (হজ লা: নং-৯৯৯), বড় ভূঁইয়া নাসরিন গার্ডেন (১ম তলা), ৫০/১, পলাশী, জিন্দাবাজার, সিলেট এর স্বত্বাধিকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনি হজ পোর্টালে ০৪ জন নিবন্ধিত ব্যক্তির নিবন্ধন বাতিলপূর্বক টাকা ফেরতের আবেদন করেছেন এবং আবেদন যাচাইয়ের জন্য হজযাত্রীদের সংগে যোগাযোগ করা হলে তারা জানান নিবন্ধন বাতিল করার জন্য এজেন্সিকে কখনো নির্দেশনা প্রদান করেননি মর্মে জানা গেছে; এবং

০৪। যেহেতু আপনার এজেন্সি কর্তৃক হজযাত্রীদের নাম অন্তর্ভুক্ত করে নিবন্ধন বাতিলপূর্বক রিফান্ডের আবেদন করা হয়েছে এবং যেহেতু আপনি অন-লাইন আবেদন দাখিলের সময় বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করেছেন; এবং

০৫। যেহেতু এ মন্ত্রণালয়ের ১৫.০৮.২০২০ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০০৩.৩৩.০০৬.২০.৬৪ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে হজ লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব আগামী ০২ (দুই) দিনের মধ্যে জানানোর জন্য নোটিশ প্রেরণ করা হয়; এবং

০৬। যেহেতু আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করেছেন; এবং

০৭। যেহেতু আপনার জবাব যথার্থ সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

০৮। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৯। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ (জ) অনুযায়ী আপনার পরিচালিত মনসুর এন্টারপ্রাইজ (হজ লা: নং-৯৯৯)-কে ভবিষ্যতে জন্য নির্দেশক্রমে সতর্ক করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২-৯-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব

ইমেইল: morahajsection@gmail.com

জনাব নাজীব বিন মনসুর খান, স্বত্বাধিকারী, মনসুর
এন্টারপ্রাইজ (হজ লাইসেন্স নং-৯৯৯), বড় ভূইয়া
নাসরিন গার্ডেন (২য় তলা), ৫০/১, পলাশী,
জিন্দাবাজার, সিলেট

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৩.০০৬.২০.১৪৩/১(১১)

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭
০২ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৫) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
- ৬) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
- ৭) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তঁাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- ৯) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
- ১০) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (হজের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১) অফিস কপি

২-৯-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব